

উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ রহিতকরণ (النسخ) রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

সংজ্ঞা

এর সংজা:

এর আভিধানিক অর্থ:- দূর করা, স্থানান্তর করা। পারিভাষিক অর্থ :

رفع حكم دليل شرعى او لفظه بدليل من الكتاب والسنة

النسخ হলো কুরআন ও হাদীছের দলীলের মাধ্যমে শারঈ কোন দলীলের হুকুম বা শব্দ উঠিয়ে দেওয়া।
আমাদের বক্তব্য: رفع حكم এর দ্বারা উদ্দেশ্য হলো হুকুম পরিবর্তন করা। উদাহরণ স্বরূপ: ওয়াজিব থেকে মুবাহ
অথবা মুবাহ থেকে হারামে পরিবর্তন করা।

সুতরাং এর দ্বারা ঐ হুকুম বের হয়ে গেলো, যে হুকুম কোন প্রতিবন্ধকতা থাকার কারণে অথবা শর্ত না পাওয়ার কারণে বিলম্বিত হয়। যেমন: নিসাব পরিমান সম্পদের ঘাটতির কারণে যাকাত প্রদানের ফরজিয়্যাত-আবশ্যকতা উঠে যাওয়া অথবা হায়েজ অবস্থায় ছ্বালাতের ফরজিয়্যাত উঠে যাওয়া। অতএব, এগুলোকে النسخ অভিহিত করা হবে না।

আমাদের বক্তব্য: النسخ অংশ দ্বারা উদ্দেশ্য হলো, শারঈ দলীলের শব্দ। কেননা, النسخ হয়তো বা শব্দের না হয়ে হুকুমের হয় অথবা তার বিপরীত হয়, অর্থাৎ হুকুম রহিত না হয়ে শুধু শব্দ রহিত হয়, অথবা শব্দ ও হুকুম উভয়িটিই রহিত হয়, যার বিবরণ অচিরেই আসছে।

আমাদের বক্তব্য: بدلیل من الکتاب والسنة (কুরআন ও হাদীছের দলীলের মাধ্যমে) এ অংশ দ্বারা এ দুটি ছাড়া অন্যান্য দলীল যেমন: ইজমা ও কিয়াস, বের হয়ে গেছে। সুতরাং এগুলি দ্বারা النسخ সাব্যস্ত হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9451

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন